৯৬

দৈনিক ইনকিলাব

তারিখ ... SEP 0 9 1999
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৩

৮ জন আহত

## রাজশাহীর মোহনপুর ডিগ্রী কলেজে ছাত্র লীগ ক্যাডারদের তাণ্ডব

**রাজশাহী অফিস** ঃ একজন ছাত্রদল নেতাকে মারধর করার জের ধরে মঙ্গলবার সকাল ১০টা হতে আড়াই ঘন্টাব্যাপী রাজশাহীর মোহনপুর ডিগ্রী কলেজে মুজিববাদী ছাত্র লীগের সশস্ত্র ক্যাডাররা তাণ্ডব চালিয়েছে। এ সময় কলেজের কয়েকটি কক্ষে ব্যাপক ভাংচুর, বোমাবাজি, আগ্নেয়াস্ত্র প্রদর্শন করে ত্রাসের রাজত্ব কায়েম করা হয়। ঘটনায় অন্তত ৮ জন আহত হয়। এদের মধ্যে ৫ জনকে মোহনপুর থানা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। আহতদের মধ্যে গুরুতর ২ জনকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এরা হলো ঃ কাদের ও মোয়াজ্জেম।

ছাত্রদলের পক্ষ থেকে বলা হয়, ছাত্রদল মোহনপুর ডিগ্রী কলেজ শাখার সভাপতি শওকতকে মুজিববাদী ছাত্র লীগের সশস্ত্র ক্যাডাররা গত সোমবার দুপুরে মোহনপুর থানা কমপ্লেক্সের চত্বরে মারধর করে। এ ব্যাপারে ১২ জনকে আসামী করে মোহনপুর থানায় একটি মামলা করার পর পুলিশ কোন কার্যকরী পদক্ষেপ নেয়নি। উপরন্তু একজন আসামীকে গ্রেফতারের পর ছেড়ে দেয়। এ ঘটনার প্রতিবাদে ছাত্রদল মঙ্গলবার সকাল ১০টায় মোহনপুর ডিগ্রী কলেজের ক্যাম্পাসে মিছিল বের করলে ছাত্র লীগের সশস্ত্র কর্মীরা তাদের ওপর চড়াও হয়। সন্ত্রাসীরা ব্যাপক ভাংচুর, বোমাবাজি ও আগ্নেয়াস্ত্র প্রদর্শন করে ত্রাসের রাজত্ব কায়েম করে। পরে পুলিশ ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ব্যাপারে মোহনপুর থানার সাথে বিকাল ৫টা পর্যন্ত কয়েকবার টেলিফোনে যোগাযোগ করা হলে তারা কিছুই জানাতে পারেনি।